আজকের কাগজ

তারিখ 08 APR 1993
পৃষ্ঠা ৫ কলাম ২

# জা.বি. সম্মান শ্রেণীর ৬৭৬টি আসনে ভর্তি প্রত্যাশী ২৮,২৮৮

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান ভর্তি পরীক্ষা আগামী ২৪ এপ্রিল শুরু হবে। গতকাল শিক্ষা উপ-রেজিস্ট্রার জানান, চলতি শিক্ষাবর্ষের সম্মান শ্রেণীতে 'ক' ইউনিটের অধীনে গাণিতিক ও বিজ্ঞান অনুষদ ২৫ এপ্রিল, 'খ' ইউনিটের অধীনে সমাজ বিজ্ঞান অনুষদ ২৭ এপ্রিল, 'গ' ইউনিটের অধীনে কলা ও মানবিক অনুষদে ২৬ এপ্রিল এবং 'ঘ' ইউনিটের অধীনে উদ্ভিদ ও প্রাণী বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা ২৪ এপ্রিল অনুষ্ঠিত হবে। তবে এ সকল পরীক্ষার সময় নির্ধারণ করা হয়নি। এই ভর্তি পরীক্ষার ফরম জমা দেয়ার সময় বাড়িয়ে ৮ এপ্রিল করা হয়েছে।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ৫৯০ জন ছেলে এবং ৮৬ জন মেয়েসহ মোট ৬৭৮টি আসনের জন্যে আবেদনপত্র জমা পড়েছে ২৮,২৮৮টি যা বিগত বছরগুলোর তুলনায় অনেক বেশি। '৯১-'৯২ শিক্ষাবর্ষে ২৭৭৪৩, '৯০-'৯১ শিক্ষাবর্ষে ১৮০৯৬ এবং '৮৯-'৯০ শিক্ষাবর্ষে ২৪৩০৪টি আবেদনপত্র জমা পড়েছিলো। সূত্র আরও জানায় ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান ভর্তি পরীক্ষায় 'ক' ইউনিটে ৭২৩৩টি এবং 'খ' ইউনিটে ৮৮০০, 'গ' ইউনিটে ৬৩৩০টি এবং 'ঘ' ইউনিটে ৫৯২৫টি ফরম জমা পড়ে।

১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে ছাত্রদের তুলনায় অনেক কম ছাত্রী ভর্তি করা হবে। কারণ গত বছর মেয়েদের জন্যে একটি নতুন হলের নির্মাণ কাজ শেষ করার কথা থাকলেও কর্তৃপক্ষের চরম অবহেলার জন্যে এ বছর এপ্রিল মাসে নতুন হলের কাজ শুরু হয়। হলে ছাত্রীদের আসন বাড়েনি, তাই এ বছরও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ভর্তি সমস্যা প্রকটভাবে দেখা দেবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে মোঃ আহসানুল হক মনির।